...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

নৌ-পরিবহন অধিদপ্তর

চীফ নটিক্যাল সার্ভেয়ার এর অধিশাখা

## সমুদ্র উপকুল এবং বহি:সমুদ্রে চলাচল/অবস্থানরত জাহাজ বা স্থাপনায় চাকুরীর জন্য Continuous Discharge Certificate (CDC)/সীম্যান বুক প্রদানের আলোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | কমডোর মোঃ নিজামুল হক. (ট্যাজ). ওএসপি. এনজিপি. পিএসসি. বিএন<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৩-০২-২০২৩খ্রিঃ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | নৌপরিবহন অধিদপ্তরের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” |

১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপস্থিত সকলের মধ্যে পরিচিতি সম্পন্ন করেন। বাংলাদেশী নাবিকরা সমুদ্রগামী দেশী ও বিদেশী জাহাজে চাকুরীর মাধ্যমে রেমিটেন্স সংগহ করে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রা বিষয়টি সভায় আলোকপাত করেন। বর্তমানে বাংলাদেশের রেজিষ্ট্রিকৃত জাহাজের সংখ্যা প্রায় ১০০। ক্রমাগত এই সংখ্যা বৃদ্ধির মাধ্যমে ও বিদেশী মালিকানাধীন জাহাজে নাবিকের চাকুরী প্রাপ্তির প্রচুর সম্ভাবনা রয়েছে। তিনি আরও বলেন MSO-1983‘র সংশোধনীর প্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত সংশোধনীতে ওপেন শিপ রেজি:/ফ্লাগ অব কনভেনিয়েন্স (FOC) এর সুযোগ রাখা হয়েছে। আইন অনুমোদিত হলে বাংলাদেশে রেজিষ্ট্রিকৃত জাহাজের সংখ্যা আরো বৃদ্ধি পাওয়ার পাশাপাশি নাবিকের চাহিদাও বৃদ্ধি পাবে। সেই বিবেচনায় বাংলাদেশী নাবিকদের নাবিক পেশায় আগ্রহ সৃষ্টি ও CDC ইস্যু প্রক্রিয়া সহজ করার বিষয়ে আলোচনা করার জন্য আজকের সভার আয়োজন করা হয়েছে।

২। <u>সিওপি :</u> সভাপতি সাবেক মহাপরিচালক ক্যাপ্টেন এ. কে. এম. শফিকউল্লাহ’র কাছে সিওপি পরীক্ষা আদৌ প্রয়োজন কিনা সে বিষয়ে জানতে চ তিনি বলেন STCW ও সনদায়ন বিধিমালা ২০১১ অনুযায়ী সকল বিষয়ে সিওপি পরীক্ষার প্রয়োজন নেই তবে সংশ্লিষ্ট বিধি অনুযায়ী শুধু নির্ধারিত বিষয়ের উপরে সিওপি পরীক্ষা নেয়া যেতে পারে। Basic ৬টি কোর্সের কোন Oral পরীক্ষা গ্রহণে প্রয়োজন নেই মর্মে অভিমত ব্যক্ত করেন।

৩। বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি থেকে পাশকৃত ডিপ্লোমাধারী ছাত্রদের অনুকূলে রেটিং সিডিসি প্রদান, BIMT পাসকৃত ৪ বৎসর (৪৮মাস) সম্পন্নকারীদের CDC প্রদানে সকলের মতামত আহ্বান করেন।

BMIT এর সিলেবাসসমূহ নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক অনুমোদন স্বাপেক্ষে রেটিং CDC দেয়ার জন্য সভায় উপস্থিত সকলেই মত প্রদান করেন।

রেটিং হিসাবে CDC প্রাপ্ত হবার পর নিম্নলিখিত ধারাবাহিকতায় অফিসার হওয়ার সুযোগ থাকবে :-

ক) BIMT হতে ৪৮ মাসের প্রি সী কোর্স সম্পন্ন করার পর নৌপরিবহন অধিদপ্তর থেকে WIPER/FIREM. হিসাবে NOC নিয়ে CDC প্রাপ্ত হবেন।

খ) OILER হিসাবে ৪৮ মাস সী সার্ভিস সম্পন্ন করে MEO (Class-3) পরীক্ষায় অবতীর্ণ হতে পারবেন। পরবর্তীতে MEO (Class পাস করা সাপেক্ষে অফিসার হিসাবে CDC প্রাপ্ত হবেন।

৪। বিদেশী CDC প্রাপ্ত নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত মেরিটাইম শিক্ষা প্রতিস্থান হতে ২ বৎসরের প্রি-সী সনদ এবং Basic ৬টি কোর্স সম্পন্নকারী ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশী সীফেয়ারারদের ক্যাডেট হিসাবে CDC প্রদান, বিদেশী CDC প্রাপ্ত Basic ৬টি কোর্স সম্পন্নকারী ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশী নাবিকদের রেটিং হিসাবে CDC প্রদান এবং বাংলা নৌবাহিনীর অবসরপ্রাপ্ত ডেক শাখার সদস্যদের অনুকূলে CDC ও ওয়াচকিপিং সার্টিফিকেট দেওয়ার বিষয়ে মহাপরিচালক মহে উপস্থাপন করেন।

সাবেক মহাপরিচালক ক্যাপ্টেন এ. কে. এম. শফিকউল্লাহ বলেন, বাংলাদেশ নৌবাহিনীর অবসরপ্রাপ্ত ডেক শাখার নাবিকদের CDC প্রদা বিষয়ে সম্মতি প্রদান করেন ও ওয়াচকিপিং সনদের ব্যাপারে সনদায়ন বিধিমালা ২০১১ এর রুল-২৬ অনুযায়ী প্রার্থীদের আবেদনের প্রেক্ষি প্রয়োজনীয় সরকারী ফি জমা স্বাপেক্ষে মাসের Dispensation সনদ প্রদান করতঃ ওয়াচ কিপিং পরীক্ষায় অংশ গ্রহন করতে পা মর্মে মতামত দেন। উপস্থিত সকলেই ইহাতে একমত পোষন করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ


১) Basic ৬টি কোর্সের পর ডিওএস কর্তৃক কোন মৌখিক পরীক্ষা গ্রহন করা হবে না। তবে অন্যান্য ক্ষেত্রে বিধি মোতাবেক পরীক্ষা গ্রহন করা হবে।

২) বাংলাদেশে ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি থেকে উত্তীর্ণ ডিপ্লোমাধারী ছাত্রদের অনুকূলে ওয়েলার/ ফায়ারম্যান হিসাবে রেটিং CDC জারী করা হবে।

৩) বাংলাদেশ নৌ বাহিনীর অবসরপ্রাপ্ত সীম্যান (ডেক) শাখার নাবিকদের অনুকূলে সনদায়ন বিধিমালা ২০১১ এর রুল-২৬ অনুযায়ী Dispensation সনদ ৬ মাসের জন্য জারী করতঃ ওয়চকিপিং পরীক্ষায় অবতীর্ন হওয়ার সুযোগ প্রদান করা হবে।

৪) বিদেশী CDC প্রাপ্ত অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশী নাবিকদের Carrier Progression বিবেচনা করে তাঁর ভবিষ্যত সী টাইম সম্পন্ন করার স্বার্থে নৌপরিবহন অধিদপ্তরের অনুমোদিত শিক্ষা প্রতিস্থান কর্তৃক ২বৎসরের প্রি- সী সনদধারী ও Basic ৬টি কোর্স সম্পন্নকারী নাবিকদের ক্যাডেট হিসাবে এবং বিদেশী CDC প্রাপ্ত Basic ৬টি কোর্স সম্পন্নকারী নাবিকদের রেটিং হিসাবে CDC প্রদানের জন্য NOC জারী করা হবে।

সভায় আলোচনার জন্য আর কোন বিষয়ের অবতারনা না হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।



কমডোর মোঃ নিজামুল হক. (ট্যাজ). ওএসপি. এনজিপি.

পিএসসি. বিএন

মহাপরিচালক

স্মারক নম্বর: ১৮.১৭.০০০০.০০৩.৯৯.০০২.১৯.১৭৭

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯

০৭ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ক্যাপ্টেন এ. কে. এম. শফিকউল্লাহ, প্রাক্তন মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।

২) চীফ নটিক্যাল সার্ভেয়ার (চলতি দায়িত্ব), চীফ নটিক্যাল সার্ভেয়ার এর অধিশাখা, নৌপরিবহন অধিদপ্তর

৩) চীফ ইন্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (ভারপ্রাপ্ত), চীফ ইন্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এর অধিশাখা, নৌপরিবহন অধিদপ্তর

৪) কন্ট্রোলার অব মেরিটাইম এডুকেশন (চলতি দায়িত্ব), কন্ট্রোলার অব মেরিটাইম এডুকেশন, নৌপরিবহন অধিদপ্তর

৫) উপ-পরিচালক, শিপিং শাখা, নৌপরিবহন অধিদপ্তর

৬) ক্যাপ্টেন মহিউদ্দিন আব্দুল কাদের, এডভোকেট, বাংলাদেশ হাই কোর্ট।

৭) ক্যাপ্টেন মো: আনাম চৌধুরী, সভাপতি, বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন (বোমা)

৮) মহাপরিচালক এর একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, নৌপরিবহন অধিদপ্তর



মোঃ গিয়াসউদ্দীন আহমেদ
চীফ নটিক্যাল সার্ভেয়ার (চলতি দায়িত্ব)